

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন



১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

স্মারকনং- ৩৪.০১.০০০০.০০৫.২৭.০৩১.১৮-৬০৪

তারিখঃ ০৬-০২-২০২৩খ্রি.

বিষয় : অভিযোগ প্রতিকার সংক্রান্ত মাসিক প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে যুব উন্নয়ন অধিদপ্তরের জানুয়ারি ২০২৩ মাসের অভিযোগ প্রতিকার সংক্রান্ত মাসিক প্রতিবেদন এসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০৬ (ত্রি) পাতা।

৩/২/২৩  
(মোঃ আজহারুল ইসলাম খান)  
মহাপরিচালক (গ্রেড-১)  
ফোন : ২২৩৩৮৯৩৮৯

সচিব  
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়  
ঢাকা।

অভিযোগ প্রতিকার ব্যবস্থার মাসিক প্রতিবেদন  
মন্ত্রণালয়/বিভাগের নাম : যুব উন্নয়ন অধিদপ্তর

মাসের নাম : জানুয়ারি ২০২৩

বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা		মোট (১+২)	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ	অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	মন্তব্য
পত্র/দরখাস্ত যোগে	অনলাইনে					
১	২	৩	৪	৫	৬	৭
-	০৩ (তিন) টি	০৩ (তিন) টি	০৩ (তিন) টি	<p>০১। অভিযোগকারী জনাব পলাশ নন্দী, (মোবাইল নং ০১৭১৪৭১৪০৪১) লোন সেবা না পাওয়ার অভিযোগ করেছেন। (যুব ঋণ সংক্রান্ত)</p> <p>অভিযোগকারী পলাশ নন্দীর ঋণ সংক্রান্ত অভিযোগের বিষয়ে পটিয়া, চট্টগ্রাম কার্যালয়ে যোগাযোগ করা হলে উক্ত কার্যালয় হতে লিখিত ভাবে জানানো হয় যে, জনাব পলাশ নন্দীকে কোন প্রকার আর্থিক/যুব ঋণ প্রদানে বিরত থাকার জন্য তার মাতা একাধিকবার অনুরোধ জ্ঞাপন করেছেন। প্রতিবেশীরাও জানিয়েছেন যে, নানা ছলচাতুরীর আশ্রয় নিয়ে তিনি ধারকর্জ ও ঋণ নিয়ে থাকেন। অতঃপর গা ঢাকা দেন। অধিকন্তু, যুব কার্যক্রমের সাথে তার সম্পৃক্ততা নেই মর্মে স্থানীয় কর্মকর্তা জানিয়েছেন। যেনতেন ভাবে যুব ঋণ গ্রহণই তার উদ্দেশ্য। কাজেই যুব ঋণ প্রদানের নিয়ম অনুযায়ী সংশ্লিষ্ট অভিযোগকারীকে ঋণ প্রদান করা বাঞ্ছনীয় হবে না। বিষয়টি নিষ্পত্তিযোগ্য।</p> <p>০২। অভিযোগকারী জনাব মোঃ আলাউদ্দিন (মোবাইল নং ০১৯২২৭২৭৮৭৭) বেকারত্ব ঘুচানোর জন্য সরকারি ফ্রি ড্রাইভিং কোর্স-এ সুযোগ না পাওয়ার অভিযোগ করেন। (যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্পের প্রশিক্ষণ সংক্রান্ত)</p> <p>সংশ্লিষ্ট অভিযোগের বিষয়ে জনাব মোঃ আলাউদ্দিন এর সাথে টেলিফোনযোগে কথা হয়। তিনি যে ট্রেডে ভর্তি হতে ইচ্ছুক তা যুব উন্নয়ন অধিদপ্তরধীন যানবাহন চালনা প্রশিক্ষণ কোর্স। উক্ত কোর্সে ভর্তি হওয়ার অন্যতম শর্ত বয়সসীমা, যা ২১-৩৫ বছর। জনাব মোঃ আলাউদ্দিন এর আবেদনকালীন বয়স ২০ বছর ছিল বিধায় তীর আবেদন বিবেচনা করার সুযোগ ছিল না। বিষয়টি তাকে জানানো হয়। অভিযোগটি নিষ্পত্তিযোগ্য।</p> <p>০৩। অভিযোগকারী জনাব মোঃ আল-আমিন (মোবাইল নং ০১৭৬৭৫৭৬৩১৫) মর্ডার্ন অফিস ম্যানেজমেন্ট ও কম্পিউটার এ্যাপ্লিকেশন কোর্সে ভর্তির সুযোগ না পাওয়ার অভিযোগ করেন। (যুব প্রশিক্ষণ সংক্রান্ত)</p> <p>সংশ্লিষ্ট অভিযোগকারী জনাব মোঃ আল আমিন এর দাখিলকৃত অভিযোগের বিষয়টি নিয়ে উপপরিচালক, খুলনার সাথে টেলিফোনযোগে কথা হয়। তিনি জানান, যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা কার্যালয়ের মাধ্যমে প্রাতিষ্ঠানিক ট্রেডসমূহে ভর্তির ক্ষেত্রে প্রাপ্ত আবেদনের ভিত্তিতে মৌখিক/লিখিত পরীক্ষা/লটারির মাধ্যমে সীমিত সংখ্যক নির্ধারিত আসনে প্রার্থী নির্বাচন করা হয়ে থাকে। সেই প্রক্রিয়ায় আবেদনকারী অদ্যাবধি তীর কাঙ্ক্ষিত ট্রেডে ভর্তি হতে পারেন নি। তবে যেহেতু, আবেদনকারীর আগ্রহ রয়েছে এবং তীর বেকারত্ব মোচনে “মর্ডার্ন অফিস ম্যানেজমেন্ট এন্ড কম্পিউটার এ্যাপ্লিকেশন কোর্স” টি তীর জন্য সহায়ক হবে, সেটি বিবেচনায় নিয়ে আগামী মেয়াদে সংশ্লিষ্ট প্রার্থীকে ভর্তির সুযোগ করে দেওয়া যাবে বলে উপপরিচালক, খুলনা মতামত ব্যক্ত করেন। জনাব মোঃ আল আমিন এর মোবাইল ফোনে যোগাযোগ করা হলে তিনি জানান যে, লটারির সময় তিনি খুলনাতে অবস্থান করেননি বিধায় ভর্তি হতে বঞ্চিত হয়েছেন মর্মে জানতে পারেন। বিষয়টি নিষ্পত্তিযোগ্য।</p>	০০	

০৬.০২.২০২৩  
(মো: আতিকুর রহমান)  
উপপরিচালক (প্রশাসন) ও  
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা  
ফোন : ২২৩৩৮৯৯৫২

অভিযোগ প্রতিকার ব্যবস্থা

যুব উন্নয়ন অধিদপ্তর  
অভিযোগ প্রতিকার-সংক্রান্ত মাসিক প্রতিবেদন  
জানুয়ারী, ২০২৩

অভিযোগ প্রতিকারের সারসংক্ষেপ

বিবেচ্য মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা			পূর্ববর্তী মাসের জের	মোট অভিযোগ	অন্য দপ্তরে প্রেরিত	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগ	চলমান অভিযোগ		অভিযোগ নিষ্পত্তির হার (%)
ওয়েবসাইটের মাধ্যমে	প্রচলিত পদ্ধতিতে	স্বপ্রণোদিতভাবে গৃহীত					নির্ধারিত সময় অতিক্রান্ত হয়নি	নির্ধারিত সময় অতিক্রান্ত হয়েছে	
(ক)	(খ)	(গ)	(ঘ)	(ঙ)	(চ)	(ছ)	(জ)	(ঝ)	(ঞ)
৩	০	০	৮	১১	০	৮	৩	০	৭২.৭৩

আপিল নিষ্পত্তির সারসংক্ষেপ

বিবেচ্য মাসে প্রাপ্ত আপিলের সংখ্যা	পূর্ববর্তী মাসের জের	মোট আপিল	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত আপিলের সংখ্যা	চলমান আপিলের সংখ্যা		আপিল নিষ্পত্তির হার (%)
				নির্ধারিত সময় অতিক্রান্ত হয়নি	নির্ধারিত সময় অতিক্রান্ত হয়েছে	
(ক)	(খ)	(গ)	(ঘ)	(ঙ)	(চ)	(ছ)
০	০	০	০	০	০	০





মোঃ আতিকুর রহমান  
সহ-প্রিন্সিপাল (প্রশাসন)

অভিযোগ প্রতিকার ব্যবস্থা

যুব উন্নয়ন অধিদপ্তর  
অভিযোগ প্রতিকার সংক্রান্ত মাসিক প্রতিবেদন  
ডিসেম্বর, ২০২২

অভিযোগ প্রতিকারের সারসংক্ষেপ

বিবেচ্য মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা			পূর্ববর্তী মাসের জের	মোট অভিযোগ	অন্য দপ্তরে প্রেরিত	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগ	চলমান অভিযোগ		অভিযোগ নিষ্পত্তির হার (%)
ওয়েবসাইটের মাধ্যমে	প্রচলিত পদ্ধতিতে	স্বপ্রণোদিতভাবে গৃহীত					নির্ধারিত সময় অতিক্রান্ত হয়নি	নির্ধারিত সময় অতিক্রান্ত হয়েছে	
(ক)	(খ)	(গ)	(ঘ)	(ঙ)	(চ)	(ছ)	(জ)	(ঝ)	(ঞ)
৯	০	০	১	১০	০	২	৮	০	২০

আপিল নিষ্পত্তির সারসংক্ষেপ

বিবেচ্য মাসে প্রাপ্ত আপিলের সংখ্যা	পূর্ববর্তী মাসের জের	মোট আপিল	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত আপিলের সংখ্যা	চলমান আপিলের সংখ্যা		আপিল নিষ্পত্তির হার (%)
				নির্ধারিত সময় অতিক্রান্ত হয়নি	নির্ধারিত সময় অতিক্রান্ত হয়েছে	
(ক)	(খ)	(গ)	(ঘ)	(ঙ)	(চ)	(ছ)
০	০	০	০	০	০	০

মোঃ আতিকুর রহমান  
উপপরিচালক (প্রশাসন)